

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

বার্ড ইনোভেশন টিমের ৭ম সভার কার্যবিবরণী, ২০২০-২০২১ খ্রিঃ

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম
পরিচালক (প্রশাসন)

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
তারিখ : ২১/০৬/২০২১ খ্রিস্টাব্দ
সময় : বিকাল ০৪৪০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ

- ১। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ২। ড. শেখ মাসুদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ৩। কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক, বার্ড।
- ৪। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।


সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :


- ১। সেবা সহজীকরণের বিষয়ে দুই দিনের একটি প্রশিক্ষণ কর্মশালা আগামী ২৬-২৭ জুন ২০২১ সময়ে বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়।
- ২। ২০২০-২০২১ অর্থ বছরে গৃহীত ও বাস্তবায়িত নতুন ধারণাসমূহ আগামী ২৫ জুন ২০২১ খ্রিঃ তারিখে পরিদর্শন করা।
- ৩। ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত নতুন ধারণাসমূহের মধ্যে নিম্নোক্ত ০৪টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নকারীগণকে ইনোভেশন পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়।

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	বাস্তবায়িত আইডিয়ার শিরোনাম
ক)	ড. মোঃ সফিকুল ইসলাম পরিচালক (পিআরএল)	Power Factor Improvement (PFI) Plant এর মাধ্যমে বৈদ্যুতিক অপচয় রোধ করে Power Factor Charge (PFC) শূণ্যকরণ
খ)	জনাব মোঃ রিয়াজ মাহমুদ উপ-পরিচালক	পরিবেশ সুরক্ষায় পলিথিন জাতীয় বর্জ্য ব্যবস্থাপনা
গ)	ডাঃ বিমল চন্দ্র কর্মকার উপ-পরিচালক	পাহাড়ী অঞ্চলে ছোট জলাধার তৈরির মাধ্যমে উন্নত জাতের হাঁস পালন ও আয়বর্ধন
ঘ)	জনাব আশিক সরকার লিফাত সহকারী পরিচালক	বার্ডের কর্মরত সকলের জন্য Contact Management App তৈরি

- ৪। ২০২০-২০২১ অর্থ বছরে মনোনীত প্রত্যেক ধারণা বাস্তবায়নকারীগণকে হিসাব শাখা হতে চেকের মাধ্যমে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা করে পুরস্কার প্রদান করা হবে। এছাড়াও বাস্তবায়নকারীগণকে ফ্রেস্ট, সার্টিফিকেট ও গিফট বক্স প্রদান করা হবে। উল্লেখ্য যে, বার্ডের ২০২০-২০২১ অর্থ বছরের ইনোভেশন সংক্রান্ত খাত হতে এ ব্যয় নির্বাহ করা হবে।
- ৫। বাপার্ড গোপালগঞ্জ বা আরডিএ, বগুড়ার নতুন উদ্ভাবনী ধারণা পরিদর্শনের জন্য সফরের আয়োজন করা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৪/০৬/২০২১
(মোঃ রিয়াজ মাহমুদ)
উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি


২৪/০৬/২০২১
(মোঃ সফিকুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
এবং
ইনোভেশন অফিসার

বিতরণঃ

- ১। কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বার্ড।
- ২। জনাব মোঃ আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড অবগতি ও ওয়েবসাইটে সংযোজনের জন্য।
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।